গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

নথি নং: ৪৩.২৫.০০০০.০০৪.২৬.০০২.২০./৭২০ তারিখ : ৩০/৩/২০২৬ খ্রি.

## অফিস আদেশ

**বিষয় : বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃচ্ছ্রতাসাধনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র-১ : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫.১২৩, তারিখ : ০৫ মার্চ ২০২৬ খ্রি.।
সূত্র-২ : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৩.০০.০০০০.০০০.১২৩.০৬.০০০১.২৫.৪৮, তারিখ : ১১ মার্চ ২০২৬ খ্রি।
সূত্র-৩ : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৩.০০.০০০০.০০০.১১২.১৬.০০৩১.২৫.২১৮, তারিখ : ১৫ মার্চ ২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবেলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করা প্রয়োজন। এ লক্ষ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ নিশ্চিত করার জন্য নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা হলো :

১. দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে;
২. বিদ্যমান ব্যবহৃত আলোর অর্ধেক ব্যবহার করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার করতে হবে;
৩. অফিস চলাকালীন প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে;
৪. এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে;
৫. অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে;
৬. অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে;
৭. বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করতে হবে;
৮. অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে;
৯. যাবতীয় আলোকসজ্জা পরিহার করতে হবে;
১০. দাপ্তরিক কাজে Shared transport ব্যবহার করতে হবে;
১১. গাড়ির ব্যবহার সীমিত এবং গাড়ীতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ব্যবহার সীমিত করতে হবে;
১২. জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে;
১৩. সরকারি কার্যক্রমে অপ্রয়োজনীয় প্রটোকল পরিহার করতে হবে।

০২। উক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্দেশ প্রদান করা হলো। এতদ্ব্যতীত বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় থেকে জারিকৃত **"সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন"** অনুসরণ করতে হবে।

সংযুক্তি : ০২ (দুই) পৃষ্ঠা।

(খন্দকার জহিরুল ইসলাম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ২২২২১৮৩৪৬
ই-মেইল: dg@nanl.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):-

০১। পরিচালক (আরকাইভস, প্রশাসন ও অর্থ), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

০২। পরিচালক (লাইব্রেরি), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

০৩। প্রোগ্রামার ও ডিডিও, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

০৪। চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

০৫। উপপরিচালক (আরকাইভস), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

০৬। উপপরিচালক (প্রশাসন), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

০৭। চীফ কনজারভেটর (চলতি দায়িত্ব), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

০৮। সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা **(অধীন কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।**

০৯। সহকারী প্রোগ্রামার-২, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

১১। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
www.powerdivision.gov.bd

## “বিদ্যুৎ সাশ্রয়ের অঙ্গীকার, আলোকিত হোক সকল পরিবার”

### সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন

| ক্রমিক নং | বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ | জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ | |
|---|---|---|---|
| ১ | লাইটিং | ক) | জ্বালানি দক্ষ লাইটিং সিস্টেম ব্যবহার করা, যথা: Incandescent বা CFL লাইটের পরিবর্তে অধিকতর জ্বালানি সাশ্রয়ী LED লাইট ব্যবহার করা। |
| | | খ) | লাইটিং সিস্টেমে Fixure/Casing/Reflector ব্যবহার করার ক্ষেত্রে High Reflection Coefficient এর রং ব্যবহার করা, এতে আলোর উজ্জ্বলতা (Luminosity) বৃদ্ধি পায়। |
| | | গ) | কমন স্পেস যেমন: সিঁড়ি/ওয়াশ রুম/ ওয়েটিং রুম/ করিডোর ইত্যাদিতে Motion Sensor নির্ভর লাইটিং সিস্টেম ব্যবহার করা, এতে বিদ্যুতের অপ্রয়োজনীয় ব্যবহার রোধ করা যায়। |
| | | ঘ) | Bangladesh National Building Code (BNBC) এ উল্লিখিত কার্যক্রমভিত্তিক নির্ধারিত মাত্রার উজ্জ্বলতা (LUX Level) বজায় রাখা। |
| | | ঙ) | বৈদ্যুতিক বাল্বের উপরিভাবে ধুলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাল্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা। |
| | | চ) | অফিসের ডেস্কে নির্ধারিত উজ্জ্বলতা (LUX level) বজায় রাখতে টাস্ক লাইটিং (Task Lighting) সিস্টেম ব্যবহার করা। |
| | | ছ) | দিনের আলোর (Day Lighting) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা । |
| | | জ) | কাজের ধরণ বিবেচনায় প্রযোজ্য লাইটিং লোড নির্বাচন করা। |
| | | ঝ) | অপ্রয়োজনে লাইটের ব্যবহার পরিহার করা। |
| ২ | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র | ক) | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের Set Temperature, ২৫°C বা এর উপরে রাখা। |
| | | খ) | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহারের সময় তাপনিরোধক ভাবে কক্ষের দরজা, জানালা বন্ধ রাখা । |
| | | গ) | তাপপ্রবাহ রোধে জানালায় Double Glazed/ Low Emission Glass/ পর্দা ব্যবহার করা। |
| | | ঘ) | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ফিল্টার মাসে কমপক্ষে একবার পরিষ্কার করা। |
| | | ঙ) | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতি বছর কমপক্ষে একবার সার্ভিসিং করা। |

অ: পৃ: দ্র:

| ক্রমিক নং | বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ | | জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ |
|---|---|---|---|
| | | চ) | পাইপলাইন বা Duct এর তাপ নিরোধক ইনসুলেশন ব্যবস্থা বছরে কমপক্ষে একবার এবং leakage প্রতি মাসে কমপক্ষে একবার পরীক্ষা করা। |
| | | ছ) | উচ্চতর Energy Efficiency Ratio (EER)/ Coefficient of Performance (COP) এর জ্বালানি দক্ষ Inverter Technology সম্বলিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহার করা। পর্যায়ক্রমে অকেজো ঘোষিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের বিপরীতে ও নতুন ক্রয়ের ক্ষেত্রে উচ্চতর EER/COP সমৃদ্ধ শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করা যেতে পারে। |
| | | জ) | অপ্রয়োজনে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বন্ধ রাখা। |
| ৩. | রেফ্রিজারেটর | | জ্বালানি দক্ষ Inverter Technology সম্বলিত রেফ্রিজারেটর ব্যবহার করা। |
| ৪ | ফ্যান | ক) | বাজারে প্রাপ্যতা সাপেক্ষে জ্বালানি সাশ্রয়ী (যেমন: BLDC ফ্যান) এবং উচ্চতর সার্ভিস ভ্যালুর ($m^3$/min/W) ফ্যান ব্যবহার করা। |
| | | খ) | অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখা। |
| ৫ | প্লাগ লোড | ক) | Idle অবস্থায় ডেস্কটপ কম্পিউটার/ ল্যাপটপ সমূহ Power Saving Mode এ রাখা। |
| | | খ) | ডেস্ক ভিত্তিক প্রিন্টার, ফটোকপিয়ার এবং স্ক্যানার ব্যবহারের পরিবর্তে কেন্দ্রীয়ভাবে নেটওয়ার্ক সংযোগের মাধ্যমে স্বল্প সংখ্যক যন্ত্রপাতি ব্যবহারকে উৎসাহিত করা। |
| | | গ) | ব্যক্তি পর্যায়ে মাইক্রোওয়েভ ওভেন ব্যবহারের পরিবর্তে গ্রুপভিত্তিক ব্যবহারকে উৎসাহিত করা। |
| | | ঘ) | অপ্রয়োজনে যন্ত্রপাতি বন্ধ রাখা। |
| ৬ | নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার | | জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণের পাশাপাশি নিজস্ব বিদ্যুৎ চাহিদার সম্পুর্ণ/আংশিক (BNBC অনুযায়ী বিদ্যুৎ চাহিদার ন্যূনতম ৩%) সরবরাহের লক্ষ্যে অফিস ভবনের রুফটপে অথবা অফিস প্রাঙ্গণের ফাঁকা জায়গায় নবায়নযোগ্য জ্বালানির উৎস (যেমন: সৌর শক্তি) থেকে বিদ্যুৎ উৎপাদনের উদ্যোগ গ্রহণ করা। এক্ষেত্রে স্রেডা কর্তৃক প্রণীত নেট মিটারিং গাইডলাইন অনুসরণ করা যেতে পারে। |
| ৭ | অন্যান্য | | ভবনে বিদ্যুৎ ও জ্বালানির ব্যবহার সর্বদা তদারকির জন্য IoT Based Building Energy Management System (BEMS) চালুকরণে উৎসাহ প্রদান। |

**বিদ্যুৎ সাশ্রয়ে উল্লিখিত কার্যক্রমসমূহ প্রতিপালন করুন এবং দেশের মূল্যবান জাতীয় সম্পদ সংরক্ষণে দায়িত্বশীল ও গৌরবময় ভূমিকা রাখুন।**